

# দানকর আইন, ১৯৯০

( ১৯৯০ সনের ৪৪ নং আইন )

## দানের উপর কর ধার্যকরণকল্পে প্রণীত আইন

যেহেতু দানের উপর কর ধার্যকরণ সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল :-

### সংক্ষিপ্ত

### শিরোনামা

### এবং প্রবর্তন

১। (১) এই আইন দানকর আইন, ১৯৯০ নামে অভিহিত হইবে।

(২) ইহা ১লা জুলাই, ১৯৯০ তারিখে বলবৎ হইবে।

### সংজ্ঞা

২। (১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই আইনে-

(ক) “আপীলাত ট্রাইবুন্যাল” অর্থ আয়কর অধ্যাদেশের অধীন গঠিত Taxes Appellate Tribunal;

(খ) “আয়কর অধ্যাদেশ” অর্থ Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984)

(গ) “উপ-কর কমিশনার” অর্থ আয়কর অধ্যাদেশে উল্লিখিত Deputy Commissioner of Taxes;

(ঘ) “কর আদায় কর্মকর্তা” অর্থ আয়কর অধ্যাদেশে উল্লিখিত Tax Recovery Officer;

(ঙ) “কর দাতা” বলিতে যাহার দ্বারা দানকর প্রদেয় হয় বা যাহার সম্পর্কে দানকর ধার্য করিবার উদ্দেশ্যে এই আইনের অধীন কোন কার্যধারা গ্রহণ করা হয় বা হইতে পারে তাঁহাকে বুঝাইবে;

(চ) “দান” বলিতে এক ব্যক্তি কর্তৃক অন্য কোন ব্যক্তিকে স্বেচ্ছায় অর্থ বা অর্থমূল্যের প্রতিলভ ছাড়া কোন স্থাবর বা অস্থাবর সম্পত্তি হস্তান্তর বুঝাইবে;

(ছ) “পরিদর্শী যুগ্ম-কর কমিশনার” অর্থ আয়কর অধ্যাদেশে উল্লিখিত Inspecting Joint Commissioner of Taxes;

(জ) “বিধি” অর্থ এই আইনের অধীন প্রণীত বিধি।

(২) এই আইনে <sup>দানকর আইন ১৯৯০</sup> ব্যবহৃত হইয়াছে অথচ সংজ্ঞায়িত হয় নাই এবং আয়কর অধ্যাদেশে সংজ্ঞায়িত হইয়াছে এইরূপ শব্দ বা অভিব্যক্তির অর্থ আয়কর অধ্যাদেশে উহাকে প্রদত্ত অর্থের অনুরূপ হইবে।

## দানকর ধার্যকরণ

৩। এই আইনের অন্যান্য বিধান সাপেক্ষে, ১লা জুলাই, ১৯৯০ সাল হইতে কোন ব্যক্তি কর্তৃক কোন আর্থিক বৎসরে কৃত সকল দানের উপর তফসিলে বর্ণিত হারে কর ধার্য হইবে।

## কতিপয় দানের ক্ষেত্রে অব্যাহতি

৪। (১) নিম্নবর্ণিত ক্ষেত্রসমূহে কোন ব্যক্তির কৃত দানের উপর এই আইনের অধীন কোন দানকর আরোপযোগ্য হইবে না, যথা :-

(ক) দানকৃত সম্পত্তি যদি বাংলাদেশের বাহিরে অবস্থিত হয়;

(খ) দান যদি সরকার বা কোন স্থানীয় কর্তৃপক্ষকে করা হয়;

৫। (গ) দান যদি দাতব্য উদ্দেশ্যে প্রতিষ্ঠিত নিম্নবর্ণিত কোন তহবিল বা প্রতিষ্ঠানকে করা হয়, যথা :-

(অ) বাংলাদেশে প্রচলিত কোন আইন দ্বারা প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয় বা শিক্ষা বোর্ডের স্বীকৃতিপ্রাপ্ত অথবা সরকার কর্তৃক স্বীকৃত বা পরিচালিত কোন পলিটেকনিক ইন্সটিটিউটসহ যে কোন শিক্ষা প্রতিষ্ঠান;

(আ) সরকার বা কোন স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক স্বীকৃত বা পরিচালিত অথবা সরকার বা কোন স্থানীয় কর্তৃপক্ষের নিকট হইতে সাহায্যপ্রাপ্ত কোন হাসপাতাল;

(ই) সরকার কর্তৃক গঠিত বা অনুমোদিত কোন বন্যা বা দুর্যোগ মোকাবিলা তহবিল;

(ঈ) সাধারণ জনগণের কল্যাণার্থে পরিচালিত নয় এমন কোন ব্যক্তিগত ধর্মীয় প্রতিষ্ঠান ব্যতীত, ধর্মীয় বা দাতব্য উদ্দেশ্যে বাংলাদেশে প্রতিষ্ঠিত ও সরকার কর্তৃক অনুমোদিত বা ধর্মীয় বা দাতব্য উদ্দেশ্যে প্রতিষ্ঠিত ও প্রচলিত আইনে নিবন্ধিত কোন প্রতিষ্ঠানকে করদাতা কর্তৃক সংশ্লিষ্ট কর বৎসরের নিরূপিত মোট আয়ের ২০ শতাংশ বা ১ লক্ষ টাকা, এই উভয়ের মধ্যে যাহা কম হয়;]

(ঘ) দান যদি ভরণপোষণের জন্য তাঁহার উপর নির্ভরশীল কোন আত্মীয়ের বিবাহকালে সর্বোচ্চ বিশ হাজার টাকার মূল্য পর্যন্ত করা হয়;

(ঙ) দান যদি পত্নী ব্যতীত, ভরণপোষণের জন্য তাঁহার উপর নির্ভরশীল কোন আত্মীয়কে সর্বোচ্চ বিশ হাজার টাকা মূল্য পর্যন্ত বীমা বা বার্ষিক বৃত্তির পলিসি দ্বারা করা হয়;

(চ) দান যদি উইলমূলে করা হয়;

(ছ) দান যদি মৃত্যু চিন্তায় করা হয়;

(জ) দান যদি পুত্র, কন্যা, পিতা, মাতা, স্বামী, স্ত্রী, আপন ভাই অথবা আপন বোনকে করা হয়।

(২) উপ-ধারা (১) এ উল্লিখিত অব্যাহতি ছাড়াও, কোন ব্যক্তি কর্তৃক কোন আর্থিক বত্সরে কৃত বিশ হাজার টাকা মূল্যের দানের উপর এই আইনের অধীন কোন দানকর ধার্য হইবে না।

(৩) সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, যে কোন শ্রেণীর দান অথবা যে কোন শ্রেণীর ব্যক্তিকে এই আইনের অধীন প্রদেয় কর হইতে অব্যাহতি দিতে পারিবে :

তবে শর্ত থাকে যে, এই উপ-ধারার অধীন প্রজ্ঞাপিত অব্যাহতি উক্ত প্রজ্ঞাপনে উল্লিখিত শর্ত সাপেক্ষে করা যাইবে।

### দানের মূল্য নিরূপণ পদ্ধতি

৫। (১) এই আইনের অধীন কর নির্ধারণের জন্য নগদ অর্থ ব্যতীত দান হিসাবে হস্তান্তরিত অন্যান্য সম্পত্তির মূল্য দানের তারিখে উক্ত সম্পত্তি যে মূল্যে খোলা বাজারে বিক্রয় হইতে পারিত সেই মূল্যের সমান অনুমিত হইবে।

(২) যেক্ষেত্রে কোন সম্পত্তি খোলা বাজারে বিক্রয়যোগ্য না হওয়ার কারণে উপ-ধারা (১) এর আওতায় উহার মূল্য নিরূপণ সম্ভব নহে, সেক্ষেত্রে বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে উহার মূল্য নিরূপণ করা হইবে।

### দানকর নির্ধারণ ও আদায়

৬। উপ-কর কমিশনার এবং কর আদায় কর্মকর্তা তাঁহাদের নিজস্ব অধিক্ষেত্রে এই আইনের অধীন দানকর ক্ষেত্রমত নির্ধারণ করিবেন ও আদায় করিবেন।

### দানের রিটার্ন

৭। (১) কোন আর্থিক বত্সরে করযোগ্য দান করিয়াছেন এমন প্রত্যেক ব্যক্তিকে পরবর্তী কর বত্সরের পনরই সেপ্টেম্বরের পূর্বে বিধি দ্বারা নির্ধারিত ফরমে এবং পদ্ধতিতে উক্ত দান সম্পর্কিত একটি রিটার্ন উপ-কর কমিশনারের নিকট দাখিল করিতে হইবে।

(২) উপ-কর কমিশনার যদি এইরূপ অভিমত পোষণ করেন যে কোন ব্যক্তির কোন আর্থিক বত্সরে কৃত দানসমূহ এই আইনের অধীন দানকরযোগ্য তাহা হইলে তিনি উপ-ধারা (১) এ যাহা কিছুই থাকুক না কেন, তত্কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে, যাহা ত্রিশ দিনের কম হইবে না, বিধি দ্বারা নির্ধারিত ফরমে এবং পদ্ধতিতে রিটার্ন দাখিলের জন্য নোটিশ দ্বারা তাঁহাকে নির্দেশ দিতে পারিবেন।

(৩) উপ-কর কমিশনার যথাযথ বিবেচনা করিলে এই ধারার অধীন রিটার্ন দাখিলের সময়সীমা বাড়াইতে পারিবেন।